দৈনিক সংবাদ

তারিখ ... JUL 1-1 1998 ...
পৃঃ ৭ কলাম ৬



গতকাল সোমবার বেসরকারি স্কুলে ধর্মঘট চলাকালে তালাবদ্ধ সেগুনবাগিচা স্কুল — সংবাদ

# এফ রহমান হলে রক্তপাতহীন দখল-পালটা দখল

## ❑ দুই বহিরাগত যুবক গ্রেফতার

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এফ রহমান হলে গত রোববার রাতে রক্তপাতহীন দখল ও পাল্টা দখলের ঘটনা ঘটে। প্রথম দফা দখল পরবর্তী অবস্থা রমনা থানা পুলিশ হলে তল্লাশি চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ১টি, পিস্তল এবং ১৭ রাউন্ড গুলি উদ্ধার করে। এ সময় এফ. রহমান হলে ১ রাউন্ড এবং মহসিন হলের মাঠে ৩ রাউন্ডসহ মোট ৪ রাউন্ড ফাঁকা গুলিবর্ষণের ঘটনা ঘটে। পুলিশ তল্লাশি চালানোর সময় এফ রহমান হল থেকে সেলিম ও হীরা নামে দুজন বহিরাগত যুবককে গ্রেফতার করে। ভিসি অধ্যাপক এ, কে আজাদ চৌধুরী এবং হল প্রভোস্ট রোববার রাতে হল পরিদর্শন করেন।

জানা যায়, গত রোববার রাত সাড়ে ৯টার দিকে এফ রহমান হল শাখা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মাহফুজের (মাদারীপুর-শরীয়তপুর গ্রুপ) নেতৃত্বে বেশ কয়েকজন যুবক অস্ত্রসহ হলে প্রবেশ করে। তারা এ সময় হলের টিভি রুমের সামনে প্রতিপক্ষ বাগেরহাট গ্রুপের সিজেনাকে কাটা রাইফেলের বাঁট দিয়ে আঘাত করে। হলে আতংক ছড়িয়ে পড়লে প্রতিপক্ষ বাগেরহাট গ্রুপের কর্মী এবং ক্যাডাররা হল থেকে পালিয়ে যায়। প্রথম দফা দখলের পর এফ রহমান হল থেকে ১ রাউন্ড গুলি করা হয়। এর জবাবে বাগেরহাট গ্রুপের ক্যাডাররা মহসীন হল থেকে বের হয়ে এফ রহমান হলের নিকটবর্তী মাঠে এসে ৩ রাউন্ড গুলি ছোড়ে। পরবর্তীতে বিশ্ববিদ্যালয় প্রশাসন

দখল ঃ পৃঃ ২ কঃ ৫

## দখল ঃ পালটা দখল

( ১ম পৃষ্ঠার পর )

হলে তল্লাশি দেয়ার নির্দেশ দিলে পুলিশি উপস্থিতিতে দখলদার গ্রুপ পালিয়ে যায়। পুলিশ হলের বেশ কয়েকটি কক্ষে তল্লাশি চালায় এবং ২১৫ নং রুম থেকে (মিজানের রুম) দুজন বহিরাগতকে গ্রেফতার করে। পুলিশ একই সময়ে হলের পানির ট্যাংকির নিচ থেকে ১টি পিস্তল এবং ১৭ রাউন্ড গুলি উদ্ধার করে। ধারণা করা হচ্ছে পরিত্যক্ত অস্ত্রটি বাগেরহাট গ্রুপ হল ছেড়ে যাওয়ার সময় রেখে যায়। পুলিশি তল্লাশির পর বিতাড়িত বাগেরহাট গ্রুপ পুনরায় হলের দখল নেয়।